

ঢাকা ছাড়াই অবতরণ করলো ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 15 March, 2025



লাহোর : ঢাকা ছাড়াই বিমানবন্দরে অবতরণ করল পাকিস্তান এয়ারলাইন্সের (পিআইএ) যাত্রীবাহী একটি ফ্লাইট। এই ঘটনা জানাজানি হতেই আতঙ্কিত হয়ে পড়েন যাত্রীরা। যদিও তারা সকলেই সুরক্ষিত রয়েছেন বলে দাবি করেছে উড়োজাহাজ সংস্থাটি।

স্থানীয় সময় বৃহস্পতিবার (১৩ মার্চ) সকালে লাহোর বিমানবন্দরে এই ঘটনা ঘটে।

জানা গেছে, পিআইএ-র পিকে ৩০৬ ফ্লাইটটি করাচি বিমানবন্দর থেকে লাহোরের উদ্দেশে রওনা হয়। কিন্তু লাহোর বিমানবন্দরে নামার পর দেখা যায় উড়োজাহাজটির পিছনের দিকের একটি ঢাকা নেই। কীভাবে ওই ঢাকা খুলে গেল, মাঝ আকাশেই কি খুলে গিয়েছে, না কি করাচি থেকে ওড়ার মুহূর্তে ঢাকা খুলে গিয়েছিল, তা অবশ্য স্পষ্ট নয় বলে জানিয়েছে পিআইএ। তবে এই ঘটনার পূর্ণ তদন্ত হবে বলে দাবি সংস্থাটি র।

বিষয়টি নিয়ে যখন হুলস্থূল হচ্ছে, যাত্রীদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে, পিআইএ-র এক কর্মকর্তা দাবি করেন, করাচি বিমানবন্দরে ঢাকার অংশ পাওয়া গেছে। তবে সেটি পিকে ৩০৬ উড়োজাহাজের কি না, তা স্পষ্ট নয়। তবে উড়োজাহাজ সংস্থাটি মনে করছে, যে ঢাকাটি খুলে পড়ে গেছে, সেটির অবস্থা খুব একটা ভাল ছিল না। পাশাপাশি এটাও দাবি করা হয়েছে, ঢাকা খুলে গেলেও নিরাপদে নামানো হয়েছে উড়োজাহাজটিকে।

উড়োজাহাজের ঢাকার পরিস্থিতি যে কী খারাপ, সেটি কীভাবে নজর এড়িয়ে গেল, কার গাফিলতিতে এই ধরনের ঘটনা, তা-ও খতিয়ে দেখা হচ্ছে বলে পিআইএ সূত্রের খবর।

-B